তারিখ 08 OCT 1991
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৬ ...

114

দৈনিক বাংলা

# ক্যাম্পাসে গোলাগুলি

।। বিশ্ববিদ্যালয় রিপোর্টার ।।

গতকাল রাত সাড়ে দশটায় ঢাকা বিশ্ববিদ্যালয় এসএম হলে বিক্ষিপ্তভাবে গোলাগুলি শুরু হয়। কাটারাইফেল ও পিস্তলের ২০/২৫ রাউন্ড গুলির শব্দ শোনা যায়। রাত এগারটায় এ রিপোর্ট

(৪-এর পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## গোলাগুলি

(প্রথম পৃঃ পর)

লেখার সময় গোলাগুলি চলছিল। এছাড়া রাত দশটার দিকে মুজিব হল এবং জিয়া হল এলাকাতেও গুলির শব্দ শোনা যায়।

পূর্ববর্তী খবর ঃ ঢাকা বিশ্ববিদ্যালয়ে শান্তি প্রতিষ্ঠার প্রচেষ্টার পাশাপাশি সন্ত্রাসীদের তৎপরতা অব্যাহত রয়েছে। গতকাল সন্ধ্যায় টিএসসিতে একটি ছাত্র সংগঠনের কর্মীদের প্রকাশ্যে অস্ত্র মহড়া ছাত্রছাত্রীদের মধ্যে আতংকের সৃষ্টি করে এবং ক্যাম্পাসে নতুন করে উত্তেজনার সৃষ্টি হয়।

সন্ধ্যা ছয়টায় হঠাৎ করে ৮/১০ জন অস্ত্রধারী টিএসসির মোড়ে এসে প্রকাশ্যে মহড়া দিতে শুরু করলে আতংকিত ছাত্রছাত্রীরা ছোটাছুটি শুরু করে। এর কিছুক্ষণ পর টিএসসিতে জাতীয়তাবাদী ছাত্রদলের একটি মিছিল বের হয়। মিছিল ছাত্র লীগের (শা-অ) বিরুদ্ধে শ্লোগান দেয়। এ ঘটনায় ক্যাম্পাসে নতুন করে উত্তেজনার সৃষ্টি হয়।

উল্লেখ্য, গত রোবাবার বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এবং বিবদমান দুটি ছাত্র সংগঠন-জাতীয়তাবাদী ছাত্রদল ও ছাত্রলীগের (শা-অ) মধ্যে ত্রিপক্ষীয় বৈঠকে সন্ত্রাস বন্ধের ব্যাপারে সমঝোতা প্রতিষ্ঠিত হয়। সলিমুল্লাহ হলে অনুষ্ঠিত ঐ বৈঠকে বিবদমান দুটি ছাত্র সংগঠনের কর্মীদের স্ব স্ব হলে ফিরিয়ে আনার উদ্যোগ নেয়া হয়।

কিন্তু ঐ রাতেই সলিমুল্লাহ হলে ৪/৫ রাউন্ড গুলিবর্ষণের ঘটনা ঘটে। খোঁজ নিয়ে জানা গেছে, খুব অল্প সংখ্যক ছাত্রদল কর্মীই গতকাল পর্যন্ত সলিমুল্লাহ হলে ফিরে এসেছে। অপরদিকে ছাত্রলীগ (শা-অ) কর্মীরাও সূর্যসেন হল, জসীমউদ্দীন হল, জিয়াউর রহমান হল, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলে ফিরে যেতে পারেনি।